

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার  
বন্দ্র ও পাট মন্ত্রণালয়  
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।  
[www.jdpc.gov.bd](http://www.jdpc.gov.bd)

সূত্র নং ২৪.০৯.০০০০.০০০.০০.৬৩.৪২৫.১৯

তারিখঃ ২৩-০৮-২০২০

### বিজ্ঞপ্তি

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)'র তালিকাভুক্ত সম্মানিত উদ্যোক্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩-২৫ ডিসেম্বর ২০২০ সময়ে সৌদি আরব এর Jeddah International Trade Fair (JITF-2021) শীর্ষক আন্তর্জাতিক বাণিজ্য মেলা অনুষ্ঠিত হবে।

০২। প্রস্তাবিত মেলায় ০৯ বর্গমিটার আয়তন বিশিষ্ট একটি স্টলের ভাড়া ৩,৬১,২০০/- (তিন লক্ষ এক ষাট্রি হাজার দুইশত) টাকা। উক্ত মূল্যের উপর সকল রপ্তানীকারক প্রতিষ্ঠানের জন্য ৪০% এবং কোন রপ্তানী নাই এইরূপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইপিবি ৫০% সাবসিডি (ভূর্তকি) প্রদান করবেন।

০৩। ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারনে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানী উন্নয়ন ব্যুরোর (ইপিবি'র) উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারনে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি ফেরত দেয়া হবে।

০৪। উক্ত মেলায় অংশগ্রহণের বিষয়ে আগ্রহী উদ্যোক্তাগণকে ব্যুরোর ফরমে পূরনকৃত আবেদনপত্র নির্ধারিত স্টল ফি আগামী ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে জেডিপিসি অফিসে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, আবেদন ফরম ব্যুরোর ওয়েব সাইট [www.epb.gov.bd](http://www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে।

*AMJ*  
26-8-2020

বিতরন:

১। জেডিপিসি'র সম্মানিত সকল উদ্যোক্তাগণ।